

এক্সিকিউটিভ অর্ডার

নিউ ইয়র্ক স্টেটে একটি দুর্যোগ জরুরি অবস্থা ঘোষণা

**যেহেতু**, জনস্বাস্থ্য পরিষেবা আইনের ধারা 362 ও 365 (42 U.S.C §§ 362 ও 365 এবং 42 C.F.R. § 71.40 এর বাস্তবায়নযোগ্য বিধিমালা) অনুযায়ী 2 আগস্ট, 2021 তারিখে যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল (Center for Disease Control, CDC)-এর ডিরেক্টর কোয়ারেন্টাইনযোগ্য সংক্রামক রোগ বিদ্যমান রয়েছে এমন কোনো দেশ থেকে আসা ব্যক্তিদের প্রবেশ করতে দেওয়ার অধিকার স্থগিত করে একটি জনস্বাস্থ্য বিষয়ক পুনর্মূল্যায়ন ও আদেশ (“টাইটেল 42-এর আদেশ”) জারি করেছেন;

**যেহেতু**, এই টাইটেল 42-এর আদেশ কানাডা বা মেক্সিকো থেকে ভ্রমণ করে (তাদের নিজের দেশ নির্বিশেষে) আগত “আওতাভুক্ত নাগরিক নয়” এমন ব্যক্তিদের জন্য যুক্তরাষ্ট্রে অভিবাসন করা নিষিদ্ধ করেছে, যাদেরকে অন্যথায় প্রবেশ করার কোনো বন্দরে অথবা যুক্তরাষ্ট্রের বর্ডার প্যাট্রোল (U.S. Border Patrol) স্টেশনে অথবা যুক্তরাষ্ট্রের ভূমি এবং সংলগ্ন উপকূলীয় সীমান্তে জনসমাগমের পরিবেশে নিয়ে যাওয়া হতো;

**যেহেতু**, 11 মে, 2023 তারিখে টাইটেল 42 আদেশের মেয়াদ শেষ হওয়ার পর থেকে, হাজার হাজার অতিরিক্ত লোকজন নিউ ইয়র্কে আশ্রয় নিয়েছেন, যার মধ্যে 40,000 এর বেশি অভিবাসী কেবল নিউ ইয়র্ক সিটিতেই আশ্রয় নিয়েছেন;

**যেহেতু**, নিউ ইয়র্ক সিটি এবং স্টেটের মধ্যকার অন্যান্য স্থানীয় সরকারগুলোর যাদের আগমনকারী বিশাল সংখ্যক অভিবাসীর আবাসনের তাৎক্ষণিক মানবিক চাহিদা এবং অন্যান্য মৌলিক চাহিদা পূরণ করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো, ফ্যাসিলিটি এবং সংস্থানসমূহের অভাব রয়েছে তাদেরকে সহায়তা প্রদান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ; এবং

**যেহেতু**, নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটে আশ্রয়প্রার্থী অভিবাসীদের বিপুল সংখ্যার কারণে ইতোমধ্যেই একটি বড় আকারের মানবিক সংকটকে আরো বাড়িয়ে তুলবে এবং একটি দুর্যোগকালীন জরুরী অবস্থা তৈরি করবে যার বিরুদ্ধে স্থানীয় সরকারগুলো যথোচিতভাবে সাড়া দান করতে অক্ষম হবে যার ফলে স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য হুমকি তৈরি হবে যা প্রাণহানি বা সম্পত্তি হারানোর কারণ হয়ে দাঁড়াতে পারে;

**এখন, সুতরাং, আমি, KATHY HOCHUL (ক্যাথি হোকল),** নিউ ইয়র্ক স্টেটের রাজ্যপাল, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং নির্বাহী আইনের ধারা 2-B এর অনুচ্ছেদ 28 দ্বারা আমার উপর অর্পিত কৃতিত্বের ভিত্তিতে, স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থা সম্প্রসারণ করছি যেমনটি এক্সিকিউটিভ অর্ডার 28 এ নির্ধারিত হয়েছে এবং এক্সিকিউটিভ অর্ডার 28.23 এ অব্যাহত রাখা হয়েছে এবং 12 এপ্রিল, 2025 পর্যন্ত এক্সিকিউটিভ অর্ডার 28.23 এ অব্যাহত থাকা এক্সিকিউটিভ অর্ডার 28 এ অন্তর্ভুক্ত শর্তাবলী এবং নিষেধাজ্ঞাগুলিকে চলমান রাখছি।

আমার স্বহস্তে এবং স্টেটের নিজস্ব  
সীলমোহরের অধীনে, অ্যালবান সিটিতে  
দুই হাজার পঁচিশ সালের মার্চ মাসের  
তেরোতম দিনে এটি প্রদান করা হলো।

গভর্নরের সচিব